রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ডিসেম্বর ৪, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/২৯ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ।

**এস,আর, ও, নং ৩৫১-আইন/২০১৮**—যেহেতু Highways Act, 1925 (Act No. III of 1925) এর section 4 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, মহাসড়ক (নিরাপত্তা, সংরক্ষণ ও চলাচল নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০১, অত:পর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এর অধিকতর সংশোধন করিবার লক্ষ্যে ১০ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ২৫ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ২৭৭-আইন/২০১৮ দ্বারা আপত্তি বা পরামর্শ আহবান করিয়া উহার প্রাক-প্রকাশ করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত প্রাক-প্রকাশনার প্রজ্ঞাপনে উল্লিখিত ২১ (একুশ) দিন সময়সীমা ইতিমধ্যে উত্তীর্ণ হইয়াছে এবং প্রস্তাবিত সংশোধনের উপর কোনো আপত্তি বা পরামর্শ পাওয়া যায় নাই ; এবং

যেহেতু সরকার উক্ত বিধিমালার অধিকতর সংশোধনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

সেহেতু Highways Act, 1925 (Act No. III of 1925) এর section 4 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত বিধিমালার নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত বিধিমালার বিধি ৮ এর উপ-বিধি (১) এ উল্লিখিত ‘কোন ব্যক্তি’ শব্দগুলির পর উল্লিখিত কমা ( ,) এবং ‘অধিদপ্তরের লিখিত অনুমতি ব্যতিত’ শব্দগুলি বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম জিলানী**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd


মূল্য : টাকা ৪.০০